



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং: ০১

তারিখ: ০৩ পৌষ ১৪৩২  
১৮ ডিসেম্বর ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল প্রাইমারি ডিলার।

## সরকারি সিকিউরিটিজের বেঞ্চমার্ক নির্ধারণ এবং Two-Way Price Quote প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ৩১ অক্টোবর ২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার নং- ০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে সরকারি সিকিউরিটিজের বাজার উন্নয়ন ও বাজারভিত্তিক কার্যকরী yield curve তৈরির লক্ষ্যে বিভিন্ন মেয়াদি ট্রেজারি বন্ডসমূহের অবশিষ্ট মেয়াদ (remaining maturity) এর ভিত্তিতে ৬টি শ্রেণিতে বিন্যাসপূর্বক প্রতিটি শ্রেণি হতে ৫টি করে সর্বমোট ৩০টি ট্রেজারি বন্ডকে বেঞ্চমার্ক হিসেবে নির্ধারণ এবং নির্ধারিত বেঞ্চমার্ক সিকিউরিটিজের বিপরীতে দৈনিক ভিত্তিতে two-way price quote করার নির্দেশনা প্রদান করা হয়।

৩। এ ক্ষেত্রে, সরকারি সিকিউরিটিজের সেকেন্ডারি বাজারকে অধিকতর গতিশীল ও সুসংহত করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

- বাজারে বিদ্যমান ট্রেজারি বন্ডসমূহ হতে Annexure-‘A’তে বর্ণিত ৩০টি বন্ড বেঞ্চমার্ক সিকিউরিটিজ হিসেবে বিবেচিত হবে। নির্বাচিত বেঞ্চমার্ক সিকিউরিটিজসমূহের প্রতিটি শ্রেণি হতে ন্যূনতম একটি ট্রেজারি বন্ডের বিপরীতে Financial Market Infrastructure (FMI) সিস্টেমের অর্ডার-ম্যাচিং প্ল্যাটফর্মে প্রতি কার্যদিবসে অফিস শুরুর এক ঘন্টার মধ্যে two-way price quote (firm quote) করতে হবে;
  - নির্ধারিত বেঞ্চমার্ক সিকিউরিটিজের প্রতিটি শ্রেণি হতে প্রতি কার্যদিবসে ন্যূনতম বিশ লক্ষ (bid দশ লক্ষ এবং ask/offer দশ লক্ষ) টাকা করে ৬টি শ্রেণিতে ন্যূনতম সর্বমোট এক কোটি বিশ লক্ষ টাকার bid-ask price quote করতে হবে;
  - বেঞ্চমার্ক হিসেবে নির্ধারিত সকল শ্রেণির ট্রেজারি বন্ডের bid-ask yield spread হবে সর্বোচ্চ ০.৮০% বা ৮০ বেসিস পয়েন্ট;
  - যদি কোন প্রাইমারি ডিলার ব্যাংকের হোল্ডিংয়ে বেঞ্চমার্ক হিসেবে নির্বাচিত ট্রেজারি বন্ডসমূহের মধ্যে কোন শ্রেণিতে লেনদেনযোগ্য বন্ড বিদ্যমান না থাকে তবে তা নিজস্ব পোর্টফোলিও পুনর্বিন্যাসকরত কিংবা বাজার হতে ক্রয়পূর্বক সকল শ্রেণির সিকিউরিটিজের two-way price quote (firm quote) এর বিষয়টি ৩১ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে নিশ্চিত করতে হবে।
- ৪। এ প্রেক্ষিতে, ৩১ অক্টোবর ২০২৪ তারিখের ডিএমডি সার্কুলার নং-০৩ বাতিল করা হলো।
- ৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(ইন্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১

**Annexure-A**  
**List of Benchmarked Securities**

Sl. No.	ISIN	Original Maturity (Years)	Issue Date	Maturity/Expiry Date	Coupon Rate (%)	Outstanding Balance (Taka in Crore)	Tenor (Remaining Maturity)
Class-1 (Tenor: 0 to 2 Years)	BD0926061021	2	7-Aug-24	7-Aug-26	12.25	8,280.77	0.66
	BD0926191026	2	6-Nov-24	6-Nov-26	12.30	6,666.58	0.91
	BD0927311029	2	5-Feb-25	5-Feb-27	10.98	4,500.00	1.16
	BD0927011025	2	9-Jul-25	9-Jul-27	11.60	6,640.50	1.58
	BD0927171027	2	5-Nov-25	5-Nov-27	10.1	7,500.00	1.91
Class-2 (Tenor: Above 2 to 5 Years)	BD0928101056	5	13-Sep-23	13-Sep-28	9.10	3,789.83	2.76
	BD0929431056	5	15-May-24	15-May-29	12.40	7,760.69	3.43
	BD0929151050	5	9-Oct-24	9-Oct-29	12.30	7,510.16	3.83
	BD0930401056	5	16-Apr-25	16-Apr-30	12.39	8,500.00	4.35
	BD0930101052	5	10-Sep-25	10-Sep-30	10.03	8,000.00	4.75
Class-3 (Tenor: Above 5 to 8 Years)	BD0932851100	10	25-May-22	25-May-32	8.00	4,300.00	6.46
	BD0932111109	10	21-Sep-22	21-Sep-32	8.10	5,445.45	6.78
	BD0932231105	10	21-Dec-22	21-Dec-32	8.33	5,500.00	7.03
	BD0933351100	10	15-Mar-23	15-Mar-33	8.45	6,000.00	7.26
	BD0933071104	10	16-Aug-23	16-Aug-33	9.20	7,915.03	7.69
Class-4 (Tenor: Above 8 to 10 Years)	BD0934311103	10	22-Feb-24	22-Feb-34	12.05	7,124.80	8.21
	BD0934481104	10	20-Jun-24	20-Jun-34	12.60	9,000.00	8.53
	BD0935291106	10	22-Jan-25	22-Jan-35	12.08	7,000.00	9.12
	BD0935451106	10	21-May-25	21-May-35	11.88	7,742.75	9.45
	BD0935031106	10	23-Jul-25	23-Jul-35	10.48	8,600.00	9.62
Class-5 (Tenor: Above 10 to 15 Years)	BD0937901157	15	29-Jun-22	29-Jun-37	8.55	8,154.22	11.55
	BD0939371151	15	27-Mar-24	27-Mar-39	12.15	8,257.57	13.30
	BD0940381157	15	27-Mar-25	27-Mar-40	12.28	6,500.00	14.30
	BD0940401203	20	20-May-20	20-May-40	9.20	5,029.96	14.44
	BD0940081153	15	27-Aug-25	27-Aug-40	10.28	4,000.00	14.72
Class-6 (Tenor: Above 15 to 20 Years)	BD0942901200	20	29-Jun-22	29-Jun-42	8.65	5,161.28	16.55
	BD0942241201	20	28-Dec-22	28-Dec-42	8.95	8,943.23	17.05
	BD0944051202	20	28-Jul-24	28-Jul-44	12.75	8,374.29	18.63
	BD0945461202	20	28-May-25	28-May-45	12.24	4,132.82	19.47
	BD0945081208	20	27-Aug-25	27-Aug-45	10.30	4,000.00	19.72

*JW*